

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শরিফুল ইসলাম সরকার
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
স্থান : ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়।
তারিখ : ১৭/০১/২০২২ খ্রি
সময় : সকাল ১১.০০ ঘটিকা।


সভার উপস্থিত সকল সদস্যদের নাম, পদবী ও স্বাক্ষর “পরিশিষ্ট-ক” তে বর্ণিত।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদস্য-সচিব উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি মৎস্য বিভাগীয় নিম্নরূপ কার্যক্রম তুলে ধরেন। সভার নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	<p>উপজেলা মৎস্য বিভাগ</p> <p>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, পরিবেশ বান্ধব লাগসই প্রযুক্তি মৎস্য চাষীদের মাঝে হস্তান্তরের নিমিত্তে নিয়মিত মৎস্য চাষীদের পুরুর পরিদর্শন ও পরামর্শ প্রদান, অফিসে আগত চাষীদের পরামর্শ প্রদান, প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন, মৎস্য চাষ প্রদর্শণী বাস্তবায়ন করা হচ্ছে। তিনি আরও জানান, উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় পথও পর্যায়ে বাস্তবায়নের জন্য মৎস্য বিভাগের পক্ষ থেকে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প নির্ধারণ করার অনুরোধ জানান। এ বিষয়ে সদস্যগণ চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য মৎস্য চাষীদের আধুনিক পদ্ধতিতে মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য মতান্মত প্রদান করেন।</p>	<p>ক) চলমান কার্যক্রম সমূহ জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় “উন্নত মৎস্য চাষ অনুশীলনের মাধ্যমে আধুনিক পদ্ধতিতে মাছ চাষ প্রশিক্ষণ” শিরোনামে ১২০ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদানের প্রস্তাবনা প্রকল্প বাছাই কর্মসূচিতে প্রেরণ করা হবে।</p>	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
০২।	<p>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</p> <p>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা জানান যে, বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে এবং উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় পর্যায়ে বাস্তবায়নের জন্য প্রাণিসম্পদ দণ্ডের পক্ষ থেকে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণের জন্য তিনি আবাস করা</p>	<p>ক) সকল কার্যক্রম চলমান রাখতে হবে।</p> <p>খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় “বেছেন্দেবী টিকালিয়কারীদের জন্য টিকা প্রদান সক্ষমতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ” শিরোনামে ১০ জন স্বেচ্ছাসেবীকে</p>	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	<p>হয়েছে। উক্ত চিঠির আলোকে তিনি সকল সদস্যদেরকে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প নির্ধারণ করার অনুরোধ জানান।</p> <p>সদস্যগণ আলোচনায় বলেন যে, গোবিন্দগঞ্জ উপজেলায় গবাদি পশু ও হাঁস-মুরগীর টিকা প্রদানকারীর সংকট রয়েছে এজন্য টিকাদান বিষয়ক কোন প্রশিক্ষণ প্রদান করা হলে টিকাদানকারীর সংখ্যা বৃদ্ধি পাবে এবং হাঁস-মুরগীর মৃত্যু হার কমে যাবে।</p>	<p>প্রশিক্ষণ প্রদানের প্রস্তাবনা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণ করা হবে।</p>	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ২৭/০১/২২
 মোঃ শারফুল ইসলাম সরকার
 ভাইস চেয়ারম্যান,
 উপজেলা পরিষদ,
 গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

ও
সভাপতি
 উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক
 কমিটি

স্মারক নং-৩৩.০২.৩২৩০.৫০১.৩৬.২২.২৬

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৩। চেয়ারম্যান..... ইউপি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৪। অফিস কপি।


 ২৭/০১/২২
 সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
 গোবিন্দগঞ্জ, গাইবান্ধা

ও
সদস্য সচিব
 উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি

পরিশিষ্ট“ক”

ক্রমিক নং	সভায় উপস্থিত সদস্যদের পদবী	স্বাক্ষর
১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ- সভাপতি	স্বাক্ষরিত
২।	চেয়ারম্যান, তালুককানুপুর ইউনিয়ন পরিষদ - সদস্য	স্বাক্ষরিত
৩।	চেয়ারম্যান, সাপমারা ইউনিয়ন পরিষদ- সদস্য	স্বাক্ষরিত
৪।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা- সদস্য	স্বাক্ষরিত
৫।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা - সদস্য সচিব	স্বাক্ষরিত